ডা. কাজল আলীর এমডি ডিগ্রি অর্জন

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটের মেডিকেল অফিসার মেহেরপুরের কৃতি সন্তান ডা. কাজল আলী কার্ডিওলজিতে এমডি ডিগ্রি অর্জন করেছেন।

আজ বুধবার তাঁর এ ফলাফল প্রকাশিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিনে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট তিনি কোর্স করছিলেন।

ডা. কাজল আলী ৩৩ তম বিসিএস এ মেডিকেল অফিসার হিসেবে যোগদান করেন। মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় থেকে ১৯৯৭ সালে এসএসসি, মেহেরপুর সরকারি কলেজ থেকে ১৯৯৯ সালে এইচএসসি এবং পরবর্তিতে বরিশাল মেডিকেল কলেজ থেকে এমবিবিএস সম্পন্ন করেন। তার স্ত্রীও একজন চিকিৎসক হিসেবে সেবা দিয়ে যাচ্ছেন। ব্যক্তি জীবনে তিনি দুই সন্তানের জনক। তিনি মেহেরপুর ঘোষপাড়ার আকবর আলীর সন্তান।

চাকরি জীবনের শুরুতে কিছুদিন মেহেরপুর জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার হিসেবে কর্মরত ছিলেন। পরে উচ্চ শিক্ষার জন্য তিনি ন্যাশনাল হৃদরোগ ইনস্টিটিউটে বদলি হন।

চিকিৎসা পেশার পাশাপাশি তিনি বিভিন্ন মানবিক সংগঠনের সাথে নিজেকে জড়িত রাখেন। মানব কল্যানে তিনি নিজেকে সর্বদা বিলিয়ে দেন। সপ্তাহে দুই দিন তিনি নিজ এলাকার মানুষকে সেবা দেওয়ার জন্য মেহেরপুরে ছুটে আসেন।